# জাসদ কার্যালয়ে পুলিশের অভিযান, আ. লীগের নেতাকর্মী আটক



সংগৃহীত ছবি

রাজধানীর গুলিস্তানের জিপিও মোড়ে জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) প্রধান কার্যালয়ে অভিযান চালিয়েছে আইনশৃঙ্খলা বাহিনী। শনিবার (২৬ সেপ্টেম্বর) দুপুরে সেখান থেকে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের বিপুলসংখ্যক নেতাকর্মীকে আটক করে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)।

পুলিশ জানিয়েছে, জাসদ কার্যালয়ে গোপন বৈঠকে অংশ নিতে সেখানে জড়ো হয়েছিলেন তারা। আটকের পর ঘটনাটি নিয়ে আইনশৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে কার্যক্রম চলমান রয়েছে।

এদিকে একই দিন দুপুরে রাজধানীর ধানমন্ডি ২৭ নম্বর এলাকায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ঝটিকা মিছিল ও কয়েকটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে। এ ঘটনায় ধানমন্ডি ও মোহাম্মদপুর থানা পুলিশ চারজনকে আটক করেছে।

LENS ASIA